ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৮১৯
সোনামুড়া, ১১ সেপ্টেম্বর, ২০২৫

**১২ সেপ্টেম্বর থেকে শুরু হতে যাচ্ছে**
**তিন দিনব্যাপী ঐতিহ্যবাহী নীরমহল জল উৎসব**

আগামীকাল ১২ সেপ্টেম্বর থেকে শুরু হতে যাচ্ছে তিন দিনব্যাপী ঐতিহ্যবাহী নীরমহল জল উৎসব। চলবে ১৪ সেপ্টেম্বর পর্যন্ত। মেলাঘরের রাজঘাট মুক্তমঞ্চে ১২ সেপ্টেম্বর বিকেল ৪ টায় এই উৎসবের আনুষ্ঠানিক উদ্বোধন করবেন পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে রাজ্যের উচ্চ শিক্ষামন্ত্রী কিশোর বর্মণ, সম্মানিত অতিথি হিসাবে বিধায়ক বিন্দু দেবনাথ, সিপাহীজলা জিলা পরিষদের সহকারী সভাধিপতি পিন্টু আইচ প্রমুখ উপস্থিত থাকবেন। ত্রিপুরা পর্যটন উন্নয়ন নিগম, তথ্য ও সংস্কৃতি দপ্তর, সিপাহীজলা জেলা প্রশাসন এবং মেলাঘর পুর পরিষদের যৌথ উদ্যোগে আয়োজিত নীরমহল জল উৎসবের উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন মেলাঘর পুর পরিষদের চেয়ারপার্সন অনামিকা ঘোষ পাল রায়।

*****